

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-১ অধিশাখা।
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪৬.০৪৮.০৬.০০.০০০০.০২৭.১৫-২৪৬

তারিখ : ১১/০৯/২০১৭ খ্রিঃ।

বিষয় : স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন উপজেলা পরিষদের অনিষ্পন্ন অডিট আপত্তির তথ্য প্রেরণ।

- সূত্র : (ক) স্থানীয় সরকার বিভাগের অডিট-১ শাখার স্মারক নং-২৯১, তারিখঃ ০৯/০৫/২০১৬ খ্রিঃ।
(খ) স্থানীয় সরকার বিভাগের অডিট-১ শাখার স্মারক নং- ২৯৫, তারিখঃ ১৩/০৭/২০১৬ খ্রিঃ।
(গ) স্থানীয় সরকার বিভাগের অডিট-১ শাখার স্মারক নং- ৮৯, তারিখঃ ১৫/০৩/২০১৭ খ্রিঃ।
(ঘ) স্থানীয় সরকার বিভাগের অডিট-১ শাখার স্মারক নং-১৮৫, তারিখঃ ১৮/০৫/২০১৭ খ্রিঃ।
(ঙ) স্থানীয় সরকার বিভাগের অডিট-১ শাখার স্মারক নং-২২৭, তারিখঃ ০৮/৬/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন উপজেলা পরিষদের সৃষ্টিকাল/১৯৭২ হতে ২০১৫ সন পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির (অগ্রিম ও সাধারণ অনুচ্ছেদ) তথ্যাদি এ বিভাগে নির্ধারিত ছক মোতাবেক প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। কিন্তু সকল উপজেলা পরিষদের অনিষ্পন্ন অডিট আপত্তি (অগ্রিম ও সাধারণ) সংক্রান্ত তথ্যাদি এখনও পাওয়া যায়নি।

এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন যে সকল উপজেলা পরিষদের সৃষ্টিকাল/১৯৭২ হতে জুন ২০১৫ সন পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির (অগ্রিম ও সাধারণ অনুচ্ছেদ) তথ্যাদি এখনও এ বিভাগে প্রেরণ করা হয়নি তা নিম্নোক্ত ‘ক’ ও ‘খ’ ছক মোতাবেক পত্র প্রাপ্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে বিশেষ বাহক মারফত এবং সফট কপি ই-মেইল নং lgd.gov.audit1@gmail.com প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল।

ছক ‘ক’

অগ্রিম :

| ক্রমিক নং | উপজেলা পরিষদের নাম | সৃষ্টিকাল/১৯৭২ হতে ২০১৫ সন পর্যন্ত নিরীক্ষায় আপত্তির সংখ্যা (সনওয়ারী) | আপত্তির অনুচ্ছেদ নম্বর | স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক সৃষ্টিকাল/১৯৭২ হতে ২০১৫ সন পর্যন্ত সন ভিত্তিক অডিট আপত্তি নিষ্পত্তির সংখ্যা | সৃষ্টিকাল/১৯৭২ হতে ২০১৫ সন পর্যন্ত অডিট আপত্তি অনিষ্পন্ন সংখ্যা | সৃষ্টিকাল/১৯৭২ হতে ২০১৫ সন পর্যন্ত নিরীক্ষায় আপত্তিতে জড়িত টাকার পরিমাণ। | মন্তব্য |
|--------------|-----------------------|--|------------------------------|--|---|--|---------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

ছক ‘খ’

সাধারণ :

| ক্রমিক নং | উপজেলা পরিষদের নাম | সৃষ্টিকাল/১৯৭২ হতে ২০১৫ সন পর্যন্ত নিরীক্ষায় আপত্তির সংখ্যা (সনওয়ারী) | আপত্তির অনুচ্ছেদ নম্বর | স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক সৃষ্টিকাল/১৯৭২ হতে ২০১৫ সন পর্যন্ত সন ভিত্তিক অডিট আপত্তি নিষ্পত্তির সংখ্যা | সৃষ্টিকাল/১৯৭২ হতে ২০১৫ সন পর্যন্ত অডিট আপত্তি অনিষ্পন্ন সংখ্যা | সৃষ্টিকাল/১৯৭২ হতে ২০১৫ সন পর্যন্ত নিরীক্ষায় আপত্তিতে জড়িত টাকার পরিমাণ। | মন্তব্য |
|--------------|-----------------------|---|------------------------------|--|--|--|---------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

(মোহাম্মদ সাঈদ-উর-রহমান)

উপসচিব

ফোন-৯৫৪০৩২৬।

ওলা প্রশাসক (সকল),.....।

স্মারক নং ৪৬.০৪৮.০৬.০০.০০০০.০২৭.১৫-২৪৬

তারিখ : ১১/০৯/২০১৭ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- বাংলাদেশের কম্পিউটার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ কম্পিউটার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়, ঢাকা।
- অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- যুগ্ম-সচিব (অডিট), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- উপপরিচালক, স্থানীয় সরকার (সকল).....।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

(মোহাম্মদ সাঈদ-উর-রহমান)

উপসচিব।